



এখনই ব্যবস্থা নিন।
নিরাপদে থাকুন।

actnowstaysecure.gov.au

অনলাইনে আপনি নিজেকে কী ঝুঁকিতে ফেলছেন?

প্রযুক্তির অগ্রগতির সাথে সাথে আমরা যখন অনলাইনে আরও বেশি সময় কাটাচ্ছি, অস্ট্রেলিয়ানরা সাইবার আক্রমণের ঝুঁকিতে আছে।

এখনই ব্যবস্থা নিন। নিরাপদে থাকুন। এই প্রাচারাভিযানটি অস্ট্রেলিয়ানদের সাইবার নিরাপত্তা সম্পর্কে সহজ কিছু পদক্ষেপ শেখাচ্ছে, যেগুলো নিয়ে সবাই অনলাইনে নিজেদের সুরক্ষিত রাখতে পারবে।

এখনই ব্যবস্থা নিন। নিরাপদে থাকুন।

কীভাবে অনলাইনে নিরাপদ থাকতে হয়

প্রতিটি অ্যাকাউন্টের জন্য একটি আলাদা এবং শক্তিশালী পাসফ্রেজ ব্যবহার করুন

আপনার প্রতিটি অনলাইন অ্যাকাউন্টের জন্য একটি অনন্য এবং শক্তিশালী পাসফ্রেজ ব্যবহার করা হল সবচেয়ে কার্যকর পদক্ষেপগুলির মধ্যে একটি, যা আপনি অনলাইনে সুরক্ষিত থাকার জন্য নিতে পারেন।

পাসফ্রেজ হলো আরও নিরাপদ পাসওয়ার্ড। এতে এলোমেলো শব্দের একটি ক্রম থাকে। এগুলো মনে রাখা আপনার পক্ষে সহজ কিন্তু সাইবার অপরাধীদের পক্ষে অনুমান করা কঠিন।

পাসফ্রেজগুলিকে শক্তিশালী এবং স্বতন্ত্র করতে নিশ্চিত করুন যেন এগুলিতেঃ

- ✓ চার বা ততোধিক শব্দ থাকে
- ✓ ১৫ বা ততোধিক অক্ষর থাকে
- ✓ প্রতিটি অ্যাকাউন্টের জন্য ভিন্ন ভিন্ন হয়
- ✓ শনাক্তকারী তথ্য যেমন পারিবারিক নাম, জন্ম তারিখ কিংবা ঠিকানা না থাকে
- ✓ বিশেষ চিহ্ন, বড় হাতের অক্ষর, কিংবা নম্বর থাকে - যদি ওয়েবসাইট অথবা সার্ভিসে এগুলি আবশ্যিক হয়

আপনার স্বতন্ত্র পাসফ্রেজ তৈরি এবং সংরক্ষণের জন্য একটি পাসওয়ার্ড ম্যানেজার ব্যবহারের কথা বিবেচনা করুন।

আপনার ডিভাইসগুলিকে নিরাপদ রাখতে সবগুলি সফ্টওয়্যার আপডেট ইন্সটল করুন

অনলাইনে নিজেকে সুরক্ষিত রাখতে আপনার সমস্ত ইন্টারনেট-সংযুক্ত ডিভাইসে (যেমন আপনার ফোন, ল্যাপটপ বা স্মার্ট ঘড়ি) সব সময় সফ্টওয়্যার আপডেট ইন্সটল করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

সফ্টওয়্যার আপডেটগুলি আপনার ডিভাইসের নিরাপত্তার দুর্বলতা বা ফাঁকফোকরগুলি ঠিক করে দেবে। নিয়মিত আপডেট ইন্সটল করলে আপনার ডিভাইসগুলি সুরক্ষিত থাকবে এবং সাইবার অপরাধীদের জন্য সেগুলিতে অ্যাক্সেস করা কঠিন হবে।

স্বয়ংক্রিয় আপডেট চালু করে রাখুন, এবং আপনাকে আপডেট সম্পর্কে জানানোমাত্রই সেগুলি ইন্সটল করা নিশ্চিত করুন।

সবসময় মাল্টি-ফ্যাক্টর অথেনটিকেশন সেট আপ করুন

আপনার সমস্ত অনলাইন অ্যাকাউন্ট একটি অতিরিক্ত নিরাপত্তা স্তর যোগ করার জন্য, যেখানে সম্ভব সেখানে মাল্টি-ফ্যাক্টর অথেনটিকেশন চালু করুন।

মাল্টি-ফ্যাক্টর অথেনটিকেশন ব্যবহার করে আপনার অ্যাকাউন্টে লগ ইন করতে দুই বা ততোধিক যাচাইকরণ পদ্ধতির প্রয়োজন হয়। উদাহরণস্বরূপ, আপনার পাসওয়ার্ড বা পাসফ্রেজ দেয়ার পর, আপনাকে দ্বিতীয় যাচাইকরণ তথ্য দিতে বলা হবে, যেমন অথেনটিকেশন অ্যাপ, ইমেল বা টেক্সটের মাধ্যমে আপনাকে পাঠানো একটি কোড।

মাল্টি-ফ্যাক্টর অথেনটিকেশন আপনার অ্যাকাউন্টকে সুরক্ষিত রাখে, এমনকি আপনার অন্য কোনও অথেনটিকেশন পদ্ধতি (যেমন পাসফ্রেজ) অন্য কেউ জেনে গেলেও।



এখনই ব্যবস্থা নিন।
নিরাপদে থাকুন।

actnowstaysecure.gov.au

অনলাইনে নিরাপদ থাকতে কি আরও উপায় জানতে চান?

সাইবার-নিরাপদ থাকার আরও উপায় খুঁজছেন? অনলাইনে নিজেকে সুরক্ষিত রাখতে আপনি আরও কিছু পদক্ষেপ নিতে পারেন, যা এখানে দেওয়া হল।

পাবলিক ওয়াই-ফাই ব্যবহার করার সময় সতর্ক থাকুন

পাবলিক ওয়াই-ফাই সংযোগ নিরাপদ নয়। তাই এটা ব্যবহার করার সময় কোনো সংবেদনশীল বা ব্যক্তিগত তথ্য অ্যাক্সেস করবেন না। এর মধ্যে রয়েছে আপনার সোশ্যাল মিডিয়া, ইমেইল বা অনলাইন ব্যাংকিং। আপনার প্রবেশ করা যেকোনো তথ্য সাইবার অপরাধীরা অ্যাক্সেস করতে পারে।

আপনার গোপনীয়তার এবং ভৌগলিক অবস্থানের সেটিংসগুলি পরীক্ষা করুন এবং আপডেট করুন

আপনি ভুলবশতঃ অন্যদের সাথে নিজের ব্যক্তিগত বা শনাক্তকারী তথ্য ঘাতে শেয়ার করে না ফেলেন, তা নিশ্চিত করতে আপনার গোপনীয়তা এবং অবস্থান সেটিংসগুলি প্রায়শই পরীক্ষা করা গুরুত্বপূর্ণ।

যেসকল সেটিং পরীক্ষা করতে হবে সেগুলির মধ্যে রয়েছে আপনার সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্টের গোপনীয়তা সেটিং এবং আপনার অ্যাপ ও ডিভাইসগুলির জিওলোকেশন (ভৌগলিক অবস্থান) ট্র্যাকিং।

বন্ধুবান্ধব এবং পরিবারের সাথে সাইবার-নিরাপদ থাকার পদ্ধতি সম্পর্কে কথা বলুন

নিজেকে, আপনার পরিবার এবং বন্ধুদের অনলাইনে সুরক্ষিত রাখার জন্য শিক্ষা এবং সচেতনতা অত্যন্ত গুরুত্বপূর্ণ - বিশেষ করে যদি আপনি ইন্টারনেট-সংযুক্ত ডিভাইসগুলি শেয়ার করেন। আপনার ব্যক্তিগত নেটওয়ার্কের সাথে এসম্পর্কে কথা বললে, সাইবার-নিরাপত্তার বিষয়টি সবার বিবেচনায় সার্বক্ষণিক গুরুত্ব পাবে, এবং এটা নিশ্চিত করবে যে, অনলাইনে কীভাবে নিজেদের সুরক্ষিত রাখতে হয়, সে সম্পর্কে তারা সর্বশেষ তথ্য পাবে।

কীভাবে জালিয়াতি শনাক্ত করতে হয় তা জানুন

প্রতারকরা মানুষকে অর্থ বা তাদের ব্যক্তিগত তথ্য প্রদানের জন্য প্রলুব্ধ করে।

আপনি যদি নিশ্চিত না হন, যে আপনি কার সাথে লেনদেন করছেন, তাহলে কখনই কাউকে টাকাপয়সা বা ব্যক্তিগত তথ্য দেবেন না। অফিশিয়াল ওয়েবসাইট বা অ্যাপ থেকে আপনি নিজে যে তথ্য পাবেন, তা ব্যবহার করে ঐ ব্যক্তি বা সংস্থার সাথে যোগাযোগ করে যাচাই করুন।

সাইবার হামলা এবং ঘটনা রিপোর্ট করুন

জালিয়াতির নতুন প্রবণতা শনাক্ত করতে, কমিউনিটিকে সতর্ক করতে এবং সাইবার ঘটনা থেকে উদ্ধার পাওয়ার লক্ষ্যে সহায়ক ভূমিকা পালন করে স্ক্যাম বা সাইবার ঘটনা সরকারের কাছে রিপোর্ট করা গুরুত্বপূর্ণ।

actnowstaysecure.gov.au ওয়েবসাইট
থেকে নিজেকে সুরক্ষিত রাখার সহজ
পদক্ষেপগুলি জেনে নিন



এখনই ব্যবস্থা নিন।
নিরাপদে থাকুন।

actnowstaysecure.gov.au